

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৭৩
উদয়পুর, ১৬ অক্টোবর, ২০২৩

গোমতী জেলাভিত্তিক পর্যালোচনা সভায় কেন্দ্রীয় রাসায়নিক ও সার প্রতিমন্ত্রী

গোমতী জিলা পরিষদের কনফারেন্স হলে আজ গোমতী জেলাভিত্তিক এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। পর্যালোচনা সভায় সভাপতিত্ব করেন কেন্দ্রীয় রাসায়নিক ও সার প্রতিমন্ত্রী ভগবন্ত খুবা। সভায় মৎস্য, কৃষি, প্রধানমন্ত্রী আবাস যোজনা- গ্রামীণ, গ্রামীণ জীবিকা মিশন, জল জীবন মিশন, মুদ্রা যোজনা সহ কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্প ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় জেলাশাসক তড়িৎকান্তি চাকমা পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে জেলার সামগ্রিক উন্নয়নের চিত্র তুলে ধরেন।

সভায় কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ভগবন্ত খুবা বলেন, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পগুলির রূপায়ণ সঠিক সময়ের মধ্যে শেষ করতে হবে। জনসাধারণের কাছে সরকারি প্রকল্পের সুযোগ পৌঁছে দেওয়ার জন্য তিনি গুরুত্ব আরোপ করেন। পর্যালোচনা সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা সুমিত লোধ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ভগবন্ত খুবা এদিন কেন্দ্রীয় প্রকল্পে রূপায়িত কয়েকটি কর্মসূচি পরিদর্শন করেন। এদিন তিনি জামজুরি গ্রামপঞ্চায়েতে অবস্থিত হেলথ এবং ওয়েলনেস সেন্টার, প্রধানমন্ত্রী আবাস যোজনায় মাতাবাড়ি ব্লকের সবিতা দাসের আবাস, গোমতী জেলা হাসপাতালের জেনেরিক ঔষধের কাউন্টার পরিদর্শন করেন। পরিদর্শনের সময় কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর সাথে ছিলেন গোমতী জেলার জেলাশাসক তড়িৎকান্তি চাকমা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। এছাড়াও এদিন সকালে তিনি ত্রিপুরেশ্বরী মন্দির পরিদর্শন করেন ও পূজা দেন।
